

উপজেলা পরিষদ, গোদাগাড়ী, রাজশাহী-র প্রাথমিক ও গণশিক্ষা সংক্রান্ত (স্থায়ী) কমিটির ১০/০৮/২০২১ খ্রিঃ

তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী

সভাপতি : মোসাঃ সুফিয়া খাতুন, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোদাগাড়ী, রাজশাহী।
তারিখ : ১০/০৮/২০২১ খ্রিঃ
সময় : সকাল ১০.৩০ ঘটিকা
স্থান : মহিলা ভাইস চেয়ারম্যান -এর অফিস কক্ষ।
উপস্থিত সদস্যবৃন্দ : হাজিরা খাতায়

সভাপতি জনাব মোসাঃ সুফিয়া খাতুন, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোদাগাড়ী, রাজশাহী উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন এবং সভা পরিচালনার জন্য কমিটির সদস্য সচিব উপজেলা শিক্ষা অফিসার, গোদাগাড়ী, রাজশাহীকে অনুরোধ করেন।

আলোচ্যসূচী-১ : বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদনঃ

উপজেলা শিক্ষা অফিসার বিগত সভার কার্য বিবরণী পাঠ করে শোনান। আলোচনা ও পর্যালোচনা শেষে গত সভার কার্য বিবরণীতে কোনরূপ সংশোধন না থাকায় কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয় এবং সকল সিদ্ধান্ত যথাযথভাবে বাস্তবায়ন করায় উপজেলা শিক্ষা অফিসারকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়।

আলোচ্যসূচী-২ : সংসদ টেলিভিশনে “ঘরে বসে শিখি” প্রোগ্রামের মাধ্যমে ক্লাস করা প্রসঙ্গে:-

সভাপতির অনুমতিক্রমে সভার সদস্য সচিব উপজেলা শিক্ষা অফিসার সভাকে জানান যে, গোদাগাড়ী উপজেলায় ১৬৫টি সরকারী প্রাথমিক বিদ্যালয় রয়েছে। কোভিড-১৯ এর কারণে প্রতিটি বিদ্যালয়ের সংসদ টেলিভিশনের মাধ্যমে ঘরে বসে শিখি প্রোগ্রামে শিক্ষার্থীদের ক্লাস পরিচালনা করা প্রয়োজন। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আপাল আলোচনা করা হয়। পরিশেষে সভায় সিদ্ধান্ত হয় যে, বর্তমান অবস্থার পরিপ্রেক্ষিতে সংসদ টেলিভিশনের মাধ্যমে ঘরে বসে শিখি প্রোগ্রামে শিক্ষার্থীদের ক্লাস পরিচালনা করতে হবে। এ বিষয়ে সকলে সম্মতি প্রদান করেন।

অতঃপর আর কোন আলোচনা না থাকায় প্রাথমিক শিক্ষার গুণগত মানোন্নয়নের লক্ষ্যে কমিটির সকল সদস্যকে সময় সুযোগমত বিদ্যালয় সমূহ পরিদর্শনের আহবান জানিয়ে সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্ত ঘোষণা করেন।

(মোসাঃ সুফিয়া খাতুন)

সভাপতি-

প্রাথমিক ও গণশিক্ষা সংক্রান্ত (স্থায়ী) কমিটিও
মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ
গোদাগাড়ী, রাজশাহী।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা শিক্ষা অফিসারের কার্যালয়
গোদাগাড়ী, রাজশাহী।

স্মারক নং ৩৮.০১.৮১৩৪.০০০.০০.০০০.২২. ৩২৪/৬

তারিখ- ১০/০৮/২০২১ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলোঃ- (জৈষ্ঠ্যতার ক্রমানুসারে নহে)

১. মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও সভাপতি, প্রাথমিক ও গণশিক্ষা সংক্রান্ত (স্থায়ী) কমিটি, গোদাগাড়ী, রাজশাহী।
২. চেয়ারম্যান, বাসুদেবপুর ইউনিয়ন পরিষদ, গোদাগাড়ী, রাজশাহী।
৩. চেয়ারম্যান, চর আষাড়িয়াদহ ইউনিয়ন পরিষদ, গোদাগাড়ী, রাজশাহী।
৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, গোদাগাড়ী, রাজশাহী।
৫. উপজেলা চেয়ারম্যানের ব্যক্তিগত সহকারী, উপজেলা চেয়ারম্যানের সদয় অবগতির জন্য, গোদাগাড়ী, রাজশাহী।
৬. উপজেলা নির্বাহী অফিসারের ব্যক্তিগত সহকারী, উপজেলা নির্বাহী অফিসারের সদয় অবগতির জন্য, গোদাগাড়ী, রাজশাহী।
৭. অফিস কপি।

10.08.2021
(লায়লা তাসলিমা নাসরিন)

সদস্য সচিব

প্রাথমিক ও গণশিক্ষা সংক্রান্ত (স্থায়ী) কমিটি

ও

উপজেলা শিক্ষা অফিসার (ভারঃ)






উপজেলা পরিষদ, গোদাগাড়ী, রাজশাহী-র প্রাথমিক ও গণশিক্ষা সংক্রান্ত স্থায়ী কমিটির

সভ্যগণের হাজিরা

সভার তারিখ- ০৫ আগস্ট ২০২১

সভার সময়- ১০.৩০

ভাইস চেয়ারম্যান- এর অফিস কক্ষ

ক্র: নং-	নাম/পদবী	কমিটিতে পদবী	স্বাক্ষর
০১	জনাব মোসাঃ সুফিয়া খাতুন, মহিলা ভাইস চেয়ারম্যান ও সভাপতি, প্রাথমিক ও গণশিক্ষা সংক্রান্ত কমিটি, গোদাগাড়ী, রাজশাহী	সভাপতি	
০২	চেয়ারম্যান, বাসুদেবপুর ইউনিয়ন পরিষদ ও সদস্য, প্রাথমিক ও গণশিক্ষা সংক্রান্ত কমিটি, গোদাগাড়ী, রাজশাহী	সদস্য	
০৩	চেয়ারম্যান, চর আষাড়িয়াদহ ইউনিয়ন পরিষদ, সদস্য ও প্রাথমিক ও গণশিক্ষা সংক্রান্ত কমিটি, গোদাগাড়ী, রাজশাহী	সদস্য	
০৪	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ও সদস্য প্রাথমিক ও গণশিক্ষা সংক্রান্ত কমিটি, গোদাগাড়ী রাজশাহী	সদস্য	
০৫	উপজেলা শিক্ষা অফিসার, সদস্য-সচিব, গোদাগাড়ী রাজশাহী	সদস্য সচিব	 '05.08.2021